# ফাইনান্সিয়াল রিপোর্টিং কাউন্সিল (এফআরসি)

অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়

পর্যটন ভবন, প্লট# ই-৫ সি/১ (৯ম তলা), পশ্চিম আগারগাঁও,

শেরেবাংলা নগর প্রশাসনিক এলাকা, ঢাকা- ১২০৭

www.frc.gov.bd


স্মারক নং: ১৭৪/এফআরসি/প্রশা/২০২৫/৭৫৪ তারিখ: ১০/০২/২০২৫ খ্রিঃ

## জনস্বার্থ সংস্থার নিরীক্ষা কার্যক্রম সংক্রান্ত নোটিশ

ফাইনান্সিয়াল রিপোর্টিং আইন, ২০১৫-এর ধারা ৩১ অনুসারে ফাইনান্সিয়াল রিপোর্টিং কাউন্সিল (এফআরসি)-এ তালিকাভুক্ত নয় এমন নিরীক্ষক বা নিরীক্ষা ফার্ম কর্তৃক আইনের ধারা ২(৮)-এ সংজ্ঞায়িত "জনস্বার্থ সংস্থা"-সমূহের নিরীক্ষাকার্য পরিচালনা হতে বিরত থাকার বিধান রয়েছে;

২. বর্তমানে লক্ষ্য করা যাচ্ছে যে, এফআরসিতে তালিকাভুক্ত নয় এমন নিরীক্ষক ও নিরীক্ষা ফার্ম বিভিন্ন জনস্বার্থ সংস্থায় নিরীক্ষা সেবা প্রদান করে চলেছে যা আইনের ধারা ৩১-এর সুস্পষ্ট লঙ্ঘন। ধারা ৪৮ অনুসারে আইন লঙ্ঘনের শাস্তি হিসাবে অনধিক পাঁচ (০৫) বছরের কারাদন্ড বা অন্যূন পাঁচ (০৫) লক্ষ টাকা জরিমানা বা উভয় দন্ডের বিধান রয়েছে;

৩. আরো উল্লেখ্য যে, আইনের ধারা ৩৪ অনুসারে জনস্বার্থ সংস্থা কর্তৃক নিরীক্ষক নিয়োগের ক্ষেত্রে **"অননুমোদিত নিরীক্ষা চর্চা"** হিসাবে বিবেচিত কার্যক্রম, যথা তালিকাভুক্তি স্থগিত, বাতিল বা এফআরসি কর্তৃক কোন নিরীক্ষক বা নিরীক্ষা ফার্মের বিরুদ্ধে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের সুপারিশ করা হয়েছে এমন কোন নিরীক্ষক বা নিরীক্ষা ফার্মকে নিরীক্ষাকার্য পরিচালনার জন্য নিয়োগ প্রদান হতে বিরত থাকার বিধান রয়েছে;

উপর্যুক্ত বিষয়াদি বিবেচনায়, সকল জনস্বার্থ সংস্থা এবং সকল নিরীক্ষক ও নিরীক্ষা ফার্মকে ফাইনান্সিয়াল রিপোর্টিং আইন, ২০১৫ -এর ধারা ৩১, ৩৪ ও ৪৮ প্রতিপালনের নির্দেশ প্রদান করা যাচ্ছে। পেশাদার একাউন্টেন্সি প্রতিষ্ঠানসমূহকে এতদ্‌সংক্রান্ত প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধ করা হলো।

কাউন্সিলের পক্ষে,

**ড. মোহাম্মদ আবু ইউছুফ**

চেয়ারম্যান (ভারপ্রাপ্ত)

ফাইনান্সিয়াল রিপোর্টিং কাউন্সিল